



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ওয়েজেজ আর্নার্স কল্যাণ বোর্ড  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন, ইক্সটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।  
[www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)

নম্বর-৪৯.০৪.০০০০.১২১.১১.০০১.২৪-

তারিখ: ২৮/০৩/২০২৪ খ্রিঃ।

## বিজ্ঞপ্তি

### প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের “প্রতিবন্ধী ভাতা” প্রদানের জন্য আবেদন আহ্বান

প্রবাসী কর্মীর সন্তানদের “প্রতিবন্ধী ভাতা” প্রদানের নিমিত্ত প্রতিবন্ধী সন্তানের পিতা/মাতা/অভিভাবকের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

#### (১) আবেদনের যোগ্যতা:

- ক) যে সকল প্রবাসী কর্মী বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ওয়েজেজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশিপ গ্রহণ করেছেন;
- খ) মৃত কর্মীর ক্ষেত্রে যাদের পরিবারকে ওয়েজেজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে;
- (২) মাসিক ১০০০/- (এক) হাজার টাকা হারে বাংসরিক ১২,০০০/- (বার হাজার) টাকা পাঁচ বছর মেয়াদের জন্য এ ভাতা প্রদান করা হবে এবং ১লা জানুয়ারি ২০২৪ থেকে তা কার্যকর হবে;
- (৩) একজন প্রবাসী কর্মীর একাধিক সন্তানের ক্ষেত্রে প্রতিবন্ধী সন্তানের পিতা/মাতার আবেদন করতে হবে;
- (৪) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে-
  - ক) প্রতিবন্ধী সন্তানের পিতা/মাতার পাসপোর্ট এর ফটোকপি;
  - খ) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাস কর্তৃক ইস্যুকৃত NOC;
  - গ) সরাসরি আবেদনের ক্ষেত্রে প্রতিবন্ধী সন্তানের ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং অনলাইনে আবেদনের ক্ষেত্রে ০১ (এক) কপি ছবি;
  - ঘ) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক প্রদত্ত সুবর্ণ নাগরিক পরিচয়পত্র/কার্ড এর সত্যায়িত ফটোকপি;
  - ঙ) প্রতিবন্ধী সন্তানের পিতা/মাতার বিএমইটি'র বহির্গমন ছাড়পত্রের পৃষ্ঠাসহ পাসপোর্ট এর ফটোকপি (সরাসরি আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য);
  - চ) চেক গ্রহণকারী পিতা/মাতা/অভিভাবকের (ব্যাংক রাউটিং নাম্বার সহ) ব্যাংক হিসাবের স্টেটমেন্ট;

#### (৫) আবেদনের প্রক্রিয়া:

##### ক) অনলাইনে আবেদন-

- ক.১) অনলাইনে আবেদনের লিংক: <https://disability.wewb.gov.bd>
- ক.২) অনলাইনে আবেদন গ্রহণের সময় ও ঠিকানা: ৩১ মার্চ ২০২৪ হতে ১৫ মে ২০২৪ তারিখে মধ্যে;

##### খ) সরাসরি আবেদন-

- খ.১) সরাসরি আবেদনের জন্য ওয়েজেজ আর্নার্স কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয় / বোর্ডের ওয়েবসাইট [www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd) / জেলা ওয়েলফেয়ার সেন্টার / জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস হতে আবেদনপত্র বিনা মূল্যে সংগ্রহ করা যাবে;
- খ.২) সরাসরি আবেদন গ্রহণের সময় ও ঠিকানা: আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ ১৫ মে ২০২৪ তারিখের মধ্যে ওয়েজেজ আর্নার্স কল্যাণ বোর্ড, ৯ম তলা (ডেসপাস শাখা), প্রবাসী কল্যাণ ভবন, ইক্সটন গার্ডেন, রমনা, ঢাকার ঠিকানায় পৌছাতে হবে;
- (৬) আবেদনে তথ্য ভুল প্রমাণিত হলে অথবা কোন তথ্য অসম্পূর্ণ থাকলে আবেদন বাতিল বলে গণ্য হবে;
- (৭) প্রতিবন্ধী ভাতা প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;
- (৮) ২০২১, ২০২২ এবং ২০২৩ সালে “প্রতিবন্ধী ভাতা” প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই;
- (৯) যে কোন তথ্যের জন্য প্রবাসবন্ধু কলসেন্টারে (দেশ থেকে: ১৬১৩৫ টেল ফ্রি, বিদেশ থেকে +৮৮০৯৬১০১০৩০) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(শোয়াইব আহমাদ খান)  
যুগ্মসচিব  
পরিচালক (অর্থ ও কল্যাণ)  
d.fw @wewb.gov.bd